দৈনিক ইনকিলাব

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 11 কলাম 6



# বরিশাল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রে অব্যবস্থা

বরিশাল, ১৯ নভেম্বর (সংবাদদাতা)।— বরিশাল কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের কর্মকর্তা ও কর্মচারীরা তাদের নামে বরাদ্দকৃত বাড়ীগুলো ভাড়া দিয়ে অবৈধ অর্থ আয় করছে। এছাড়া পাশাপাশি তারা প্রচুর বিদ্যুৎ বিলেও ফাঁকি দেয়া হচ্ছে।

১৯৮৫ সালে শহরের সিএণ্ডবি রোডে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রটি নির্মিত হয়। আন্তর্জাতিক উন্নয়ন সংস্থা ও উন্নয়ন ব্যাংক প্রকল্পটি বাস্তবায়নে অর্থনৈতিক ও কারিগরি সহযোগিতা প্রদান করে।

অত্যাধুনিক প্রযুক্তির সমন্বয়ে নির্মিত এ কলেজ ক্যাম্পাস এখানেরই কতিপয় কর্মকর্তা ও কর্মচারীদের অবৈধ ব্যবসায়ের ফলে এখন কলুষিত হচ্ছে। এমনকি এতে করে ছাত্রদের শিক্ষার পরিবেশও ব্যাহত হচ্ছে। এখানে এখন রিক্সা চালক থেকে শুরু করে সব ধরনের পেশার লোকেই ভাড়া থাকে।

এতে করে কলেজের প্রতিটি বাড়ীতে এখন অবৈধ হিটার ব্যবহৃত হচ্ছে। এবং তারা পাশাপাশি বিদ্যুৎ বিলও ফাঁকি দিচ্ছে।

বর্তমান কলেজের ১৮ জন ইনষ্ট্রাক্টর, ৬ জন তৃতীয় শ্রেণীর কর্মচারী ও ১৮ জন চতুর্থ শ্রেণীর কর্মচারীরা তাদের নামে বরাদ্দকৃত বাড়ীগুলো অবৈধভাবে ভাড়া দিয়েছে।

এ ব্যাপারে কলেজের অধ্যক্ষের সাথে আলাপ করা হলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করেন। তিনি জানান, এ ব্যাপারে ঢাকার সাথে তিনি যোগাযোগ করেছেন। সেখান থেকে এসব কর্মকর্তা ও কর্মচারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্যে তাকে নির্দেশ দেয়া হয়েছে। তিনি সে অনুসারে উল্লেখিত কর্মকর্তা ও কর্মচারীদের শোকজ নোটিশ ইস্যু করেন এবং ৩০ সেপ্টেম্বরের মধ্যে বাড়ীগুলো থেকে সাবলেটধারীদের বিতাড়িত করে দিয়েছেন। কিন্তু কোন কাজ হয়নি।